**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 28 Jun. 25** **TIME: 7:35 AM**

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন আসামে প্রস্তাবিত তিনহাজার ৪০০ মেগাওট তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার কয়লা সরবরাহ করার আশ্বাস দিয়েছে ।গতকাল সোণাপুরে দ্বিতীয় উত্তরপূর্ব ভূতত্ব ও খনি মন্ত্রীদের দুদিন ব্যাপী আয়োজিত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী একথা জানান ।তিনি বলেন যে খনি ও খনিজাত পদার্থ সঠিকভাবে অনুসন্ধান করার মাধ্যমে আসামের অর্থনীতি শক্তিশালী করার ক্ষেত্রে রাজ্য সরকার পদক্ষেপ গ্রহণ করেছে । এই ক্ষেত্রে কাজকর্ম ত্বরান্বিত করার জন্য আসাম রাজ্য খনিজ অনুসন্ধান ট্রাষ্ট গঠন করার অনুমোদন জানানো হয়েছে বলে তিনি জানান।ডঃ শর্মা বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নীতিগত হস্তক্ষেপের জন্য উত্তরপূর্বাঞ্চলে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা কয়লা খনিগুলো চালু করা হয়েছে ।মুখ্যমন্ত্রী বলেন যে ডিমা হাসাও জেলার বড়ো হাংডুং এবং উমরাংশুর সাতটি চূনাপাথর ব্লকের নিলামের কাজ শুরু হয়েছে এবং ইতিমধ্যে ৫ টি চূনাপাথর ব্লকের নিলাম সফলভাবে সম্পন্ন হয়েছে ।অনুষ্ঠানে অংশগ্রহণ করে কেন্দ্রীয় কয়লা ও খনি মন্ত্রী জি কিষাণ রেড্ডী বলেন যে দেশের খনি ও শক্তি ক্ষেত্রের বিকাশে উত্তরপূর্বাঞ্চলের গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করার সম্ভাবনা রয়েছে ।এই অঞ্চলের রাজ্য গুলোর

জন্য রাজ্য ভিত্তিক খনি পরিকল্পনা রূপায়ন করার ওপর গুরুত্ব আরোপ করা হচ্ছে বলে তিনি জানান ।

---

রাজ্য সরকার প্রাপ্তবয়স্ক লোকেদের আধারকার্ড প্রদানের ক্ষেত্রে থাকা নিয়মাবলী অধিক কঠোর করে তোলার সিদ্ধান্ত নিয়েছে । এ অনুসারে ১৮ বছরের উর্ধ্বে আধারের জন্য আবেদন করা লোকেদের তথ্যগুলি খুব সূক্ষ্মভাবে নিরীক্ষণ করা হবে এবং জেলা আয়ুক্ত তাঁদের আধার কার্ড প্রদান করবেন । দিসপুরের লোকসেবা ভবনে আয়োজিত আসাম মন্ত্রীসভার বৈঠকে পৌরহিত্য করে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল একথা জানান । তিনি বলেন যে বাংলাদেশ থেকে অবৈধভাবে আসামে আসা লোকেরা যাতে আধারকার্ড লাভ না করতে পারে তার জন্য এই ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে । আধারকার্ডের জন্য আবেদন করতে অথবা ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্ত করার ক্ষেত্রে পরবর্তী সময়ে জন্মের প্রমাণপত্রের প্রয়োজন হবে বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

মুখ্যমন্ত্রী বলেন -------------

**বাইট**

---

রাজ্য সরকারের মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় ২০২৫-২৬ শিক্ষা বর্ষে সব বিদ্যালয়ের জন্য প্রযোজ্য বেশ কিছু নীতি নির্দেশনা জারি করেছে । এই নির্দেশ অনুযায়ি প্রত্যেক শিক্ষককে সকাল ৯ টার পূর্বে স্কুলে উপস্থিত হতে হবে এবং শৈক্ষিক দিনপঞ্জীতে নির্ধারিত সময়ে স্কুল থেকে প্রস্থান করতে পারবেন । স্কুলে প্রবেশ ও প্রস্থানের সময় শিক্ষাসেতু এ্যপে অর্ন্তভুক্ত করতে হবে ।প্রত্যেক শিক্ষার্থীর উপস্থিতির তথ্য নেওয়ার জন্য শ্রেণী শিক্ষক দায়বদ্ধ থাকবেন এছাড়া সব স্নাতকোত্তর শিক্ষকদের হাইস্কুল পর্যায়ে পাঠদান করতে হবে বলে নির্দেশে জানানো হয়েছে ।

---

রাজ্য স্তরের নিযুক্তি কমিশনের তৃতীয় শ্রেণীর গাড়ী চালানোর দক্ষতা পরীক্ষায় অবতীর্ণ হতে না পারা বরাক উপত্যকা এবং ডিমা হাসাও জেলার প্রার্থীদের জন্য রাজ্যসরকার একটি নতুন তারিখে তাঁদের পরীক্ষায় অবতীর্ণ হবার সুযোগ প্রদান করে বিশেষ নির্দেশ জারী করেছে । ডিমা হাসাও জেলার অর্ন্তগত ২৭ নম্বর জাতীয় সড়কের জাটিংগা ও লামপুরে মধ্যে প্রবল ভূমিধ্বসের ফলে যোগাযোগ ব্যাহত হওয়ায় প্রার্থীরা এই পরীক্ষায় অবতীর্ণ হতে পারেনি । প্রার্থীদের তাদের প্রবেশ পত্র স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র সহ ই-মেইলের মাধ্যমে প্রেরণ করার আহ্বান জানানো হয়েছে । প্রার্থীরা SLRC3ASSAM@GMAIL.COM এ সংশ্লিষ্ট তথ্য প্রেরণ করতে পারবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বেলা ১১ টায় আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানের ১২৩ তম পর্বে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন ।এই অনুষ্ঠানের অব্যবহিত পরেই আকাশবাণী এর আঞ্চলিক ভাষার রূপান্তর সম্প্রচার করবে ।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে বর্তমান সড়ক ও রেল পরিবহন ব্যবস্থা ব্যহত হওয়ার জন্য প্রয়োজনীয় সামগ্রীর মজুদ ও সরবরাহ নিশ্চিত করা নিয়ে একটি সভার অনুষ্ঠিত হয়েছে । সভায় এল পি জি , পেট্রলিয়াম জাত দ্রব্য এবং খাদ্য সামগ্রীর বিভিন্ন মৌলিক পণ্যের মজুত ও বাজারদর নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় জানানো হয় যে জেলায় এল পি জি এবং পেট্রলিয়াম জাত সামগ্রী পর্য্যাপ্ত মজুত রয়েছে যা আগামী কয়েক দিন জেলার চাহিদা পূরন করতে পারে ।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আসাম - মেঘালয় সংযোগকারী মহাসড়ক ও কাছাড়-ডিমা হাসাও সড়ক এলাকার ট্রাক চালক ও সহকারীদের জালালপুর ও বিক্রমপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক দলের সহায়তায় জরুরী চিকিৎসা পরিষেবা প্রদান করা হচ্ছে। জেলা আয়ুক্ত মৃদুল যাদবের নেতৃত্বে চলা স্বাস্থ্য

শিবিরে আটকে পড়া চালক ও সহাকারীদের স্বাস্থ্য সমস্যাগুলি সমাধানে ইতিমধ্যে ঔষুধ বিতরণ করা হয়।

---

কাছাড় পুলিশ গতকাল শিলচর আইজল বাইপাসের রামনগর এলাকায় অভিযান চালিয়ে একটি বলেরো গাড়ি থেকে বৃহৎ পরিমানের হেরোইন বাজেয়াপ্ত করেছে ।গাড়িটি মনিপুরের চূড়াচান্দপুর থেকে আসছিল । গাড়িটিতে তল্লাশি চালানোর সময় পুলিশের দলটি গাড়িটিতে বিশেষভাবে নির্মিত একটি গোপন চেম্বার থেকে ১০০ টি সাবানের বাক্সে প্রায় ১ কেজি ১০৯ গ্রাম হেরোইন উদ্ধার করে ।এই নেশাজাতীয় সামগ্রীগুলোর বাজার মূল্য প্রায় ৫ কোটি ৫৫ লক্ষ টাকা হবে বলে অনুমান করা হচ্ছে ।এই ঘঠনায় একজন লোককে আটক করা হয়েছে এবং বলেরো গাড়িটিও জব্দ করা হয়েছে ।

---